ক্যামব্রিজ

IELTS 18

(General Training) Passage

Recent Bazar

Saifur Rahman Khan

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
Top Scorer (740 > 99%) in **GMAT**

Edition ➢ **2025**

Published By ➢ **S@ifur's Publication**

Copyright © ➢ **Saifur Rahman Khan**

[এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয়]

Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

YouTube চ্যানেল :
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
(10 am 5 pm)

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Recent Bazar

Compose & Design

Md. Al-Mamun Ferdous; Sheikh Abdul Kuddus

Price: Tk. 200 (Fixed); US $ 10 only

Table of Contents

Test-1

Section # 01 : *What to do if your ..... by a dry cleaner* 004
: *Groups for readers and writers* 011
Section # 02 : *Mechanical lifting equipment* 020
: *Dealing with customer complaints* 028
Section # 03 : *White storks back in Britain after hundreds of years* 034

Test-2

Section # 01 : *Choosing the best sleeping bag* 057
: *The Spread the Word Life Writing Prize* 065
Section # 02 : *Encouraging ...... healthy: a guide for employers* 070
: *Marama Beach ...... Bistro : guidelines for ...... kitchen* 077
Section # 03 : *A home-sewing revival: the return of Clothkits* 081

Test-3

Section # 01 : *Manly Beaches* 097
: *Sydney Water: advice for customers paying a bil* 107
Section # 02 : *Company car parking policy* 113
: *Ensuring safety in the office* 119
Section # 03 : *Roman Roads* 124

Test-4

Section # 01 : *The best ice cream makers* 144
Photography weekend course .... Cornwall 154
Section # 02 : *Respiratory Protective .... — .... factory employees* 160
Working with .... : Guidelines for employers 167
Section # 03 : *Night photography in autumn* 175

Recent Bazar

রিডিং Test # 1

Section # 01

Step # 1

মোবাইল বন্ধ করে পড়তে বসো

প্রদত্ত text-এর title-টা মন দিয়ে পড়লাম:

What to do if your clothes have been lost or damaged by a dry cleaner

(= কী করতে হবে যদি আপনার কাপড়চোপড় হারিয়ে যায় বা ক্ষতিগ্রস্ত হয় *dry cleaner*-এর দ্বারা)

Recent Bazar

Image: Dry cleaner-এর কাপড়-চোপড়

শব্দের অর্থ

dry cleaner (ড্রাই্ ক্লীনার্) = একটি দোকান যেখানে কাপড়চোপড় ধোয়া হয়।

Step # 2

এবার পরের পৃষ্ঠায় সরাসরি প্রশ্নে যেয়ে **Q # (1 – 7)**-এ পেলাম **TRUE / FALSE / NOT GIVEN**।

Q # 1 মন দিয়ে পড়লাম:

which say থেকে *saying*

which are উহ্য আছে

1. *Dry cleaners are generally responsible for items left with them, even if there's a sign saying the opposite.* [*dry cleaner*-গুলো সাধারণভাবে দায়ী ঐ *items* বা জিনিসগুলোর জন্য যেগুলো তাদের কাছে রেখে যাওয়া হয়, এমনকি যদিও (সেখানে) একটা *sign* থাকে যেটা বিপরীত কথাটা বলে।]

বাক্যের অর্থ বুঝতে গ্রামার লাগে না

Step # 3

Text-এ ফেরত যেয়ে শুরু থেকে মন দিয়ে পড়লাম:

which is উহ্য আছে

Dry cleaners are legally required to take responsible care of anything left with them. (অর্থাৎ, *dry cleaner*-গুলো আইনগতভাবে বাধ্য যে কোনো কিছুকে দায়িত্বের সঙ্গে যত্ন নেওয়ার ব্যাপারে যেটা তাদের কাছে রেখে যাওয়া হয়।)

শব্দের অর্থ

be required to do xyz = বাধ্য হওয়া *xyz* করার জন্য।

এর ১ লাইন পরেই বলা হলো:

ঈভেন্ ইফ্ = এমনকি ; যদিও

Even if the dry cleaning company has a sign saying they aren't responsible for items left with them, this isn't necessarily true. [যদিও *dry cleaning* কোম্পানির একটা সাইন থাকে যেখানে বলা হয় (যে) তারা ঐ *items* বা জিনিসগুলোর জন্য *responsible* তথা দায়ী নয় যেগুলো তাদের নিকট রেখে যাওয়া হয়, কিন্তু এটা অবশ্যম্ভাবীরূপে সত্য নয়।]

শব্দের অর্থ

necessarily (নেসেসারিলি) = অবশ্যম্ভাবীরূপে; 'সবসময় এমনটাই হবে'।

Recent Bazar

They can't opt out of this responsibility just by putting up a sign. (অর্থাৎ, শুধুমাত্র একটি *sign* স্থাপন করার দ্বারা তারা এই দায়িত্ব থেকে নিজেদের ইচ্ছে মতো বের হয়ে আসতে পারে না।)

তার মানে, প্যাসেজের উপরের লাইনগুলোর আলোকে পরিষ্কার বোঝা গেল যে *dry cleaner*-দের কাছে যে *items* বা জিনিসগুলো রেখে যাওয়া হয়, সেগুলোর যত্ন নেওয়ার ব্যাপারে তারা আইনগতভাবে বাধ্য, যদিও তারা তাদের সাইনে ঠিক বিপরীত কথাটা বলে থাকে।

অতএব, পরিষ্কার বোঝাই যাচ্ছে যে Q # 1-এর উত্তর হবে: TRUE।

Step # 4

উত্তর মুখস্থ করে কোনো লাভ নেই।

এবার পরের প্রশ্নের বাক্যটা মন দিয়ে পড়লাম:

which belongs =

2. *If the dry cleaner loses an item belonging to you, they should give you enough money to buy a completely new one.* (যদি *dry cleaner* হারিয়ে ফেলে একটা *item* যেটা আপনার অধিকারভূক্ত, তাদের উচিত আপনাকে যথেষ্ট পরিমাণ অর্থ দেয়া একটা সম্পূর্ণরূপে নতুন *item* কেনার জন্য।)

Step # 5

দ্রুত text-এ ফেরত যেয়ে যে পর্যন্ত পড়া হয়েছে তার পর থেকে মন দিয়ে পড়ে 4th প্যারার 1st sentence-য়েই পেলাম:

If they have to pay the cost of replacing a damaged or lost item, the maximum they're obliged to offer you is the value of the item when it was left with them, (অর্থাৎ, যদি তাদেরকে একটি ক্ষতিগ্রস্ত বা হারিয়ে যাওয়া *item* বা জিনিসকে *replace* করার খরচ প্রদান করতে হয়, মানে এটার বদলে নতুন একটা *item* সরবরাহের *cost* তথা খরচ প্রদান করতে হয়, তাহলে যে *maximum* অর্থাৎ, সর্বোচ্চ পরিমাণ অর্থ তারা আপনাকে প্রদান করতে বাধ্য সেটা হলো ঐ *item*-টার মূল্য যখন এটা আপনার কাছে রেখে যাওয়া হয়েছিলো,)

রিপ্লেইস্ = প্রতিস্থাপন করা

not what it would cost to replace as new.
(নতুন হিসেবে *replace* তথা বদল করার জন্য যে খরচ পড়বে সেটা নয়।)

Recent Bazar

শব্দের অর্থ

be obliged (অবলাইয্‌ড্‌) ***to do xyz*** = বাধ্য হওয়া *xyz* করতে।

তার মানে, *dry cleaner*-এর কাছে রেখে যাওয়া কোনো *item* বা জিনিস হারিয়ে গেলে, তাদেরকে সেটার বদলে একটি সম্পূর্ণরূপে নতুন *item* কেনার খরচ প্রদান করতে হবে – প্রশ্নের এই কথাটা ভুল। *Item* বা জিনিসটা তাদের কাছে রেখে যাওয়ার সময় সেটার মূল্য যা ছিলো, তারা সর্বোচ্চ সেই পরিমাণ অর্থ প্রদান করতে পারে।

বোঝাই যাচ্ছে যে, 2-এর উত্তর হবে: FALSE।

Step # 6

If দিয়ে এটা একটা কম্প্লেক্স বাক্য

Q # 3 মন দিয়ে পড়লাম:

3. *If you have the receipt for a damaged item, the company should refund the amount you originally paid for it.* (যদি আপনার কাছে একটি ক্ষতিগ্রস্ত *item*-এর *receipt* অর্থাৎ, রসিদ থাকে, তাহলে কোম্পানির উচিত ঐ পরিমাণ অর্থ আপনাকে ফেরত দেয়া যেটা আপনি *originally,* মানে কেনার সময় এটার জন্য প্রদান করেছিলেন।)

Step # 7

Text-এ ফেরত যেয়ে ঠিক পরের ২/৩ লাইন মন দিয়ে পড়লাম:

You'll probably be asked to provide evidence of how much it originally cost – for example, a receipt. (অর্থাৎ, আপনাকে সম্ভবত বলা হবে *originally* এটা কিনতে কত টাকা খরচ হয়েছিল, মানে এটার দাম কত ছিলো সেটার *evidence* তথা প্রমাণ সরবরাহ করতে – উদাহরণস্বরূপ, একটা *receipt* বা রসিদ।)

The dry cleaner can then offer you a reduced amount depending on the condition of the item (অতঃপর *dry cleaner* আপনাকে প্রদান করতে পারবে একটা *reduced amount*, মানে এটার *original price* বা দামের চেয়ে কম পরিমাণ অর্থ *item*-টার *condition* তথা অবস্থার উপর নির্ভর করে....)

Recent Bazar

তার মানে, ক্ষতিগ্রস্ত *item*-এর *receipt* থাকলেই যে *dry cleaner* কোম্পানি *item*-টার *original price*-এর পুরো টাকাটা আপনাকে *refund* করবে, মানে ফেরত দেবে – প্রশ্নের এই কথাটা ভুল।

অতএব পরিষ্কার বোঝাই যাচ্ছে, Q # 3-এর উত্তর হবে: FALSE।

Step # 8

পরের প্রশ্নটা এবার মন দিয়ে পড়লাম:

4. *It may be <u>possible to get support</u> for your complaint from a dry cleaners' trade association.* (একটি *dry cleaner*-এর ট্রেড সমিতির নিকট থেকে আপনার অভিযোগের জন্য সাপোর্ট পাওয়া সম্ভব হতে পারে।)

সমার্থক কথা

Step # 9

Text-এ ফেরত যেয়ে যে পর্যন্ত পড়া হয়েছে তার পর থেকে দ্রুত চোখ বুলিয়ে যেখানে *dry cleaner*-দের *trade association* বা সমিতির কথা উল্লেখ করা হয়েছে, সে অংশটা মন দিয়ে পড়বো। ৩ লাইন পরেই পেলাম:

If the dry cleaner refuses to compensate you or they offer you too little, try the following steps: (অর্থাৎ, যদি *dry cleaner* আপনাকে ক্ষতিপূরণ দিতে অস্বীকার করে বা যদি তারা আপনাকে খুব কম অর্থ প্রদান করে, তাহলে নিম্নবর্ণিত পদক্ষেপগুলো *try* করুন:)

• *If the dry cleaner is a member of a trade association such as the UK Fashion and Textile Association, you can pass your complaint to them and they may be <u>able to help you</u>.* (• যদি *dry cleaner* একটি ট্রেড সমিতি যেমন *UK Fashion and Textile Association*-এর সদস্য হয়, তাহলে আপনি আপনার অভিযোগটি তাদের কাছে পাঠাতে পারেন এবং তারা আপনাকে সাহায্য করতে সক্ষম হতে পারে।)

উপরের বাক্যটি থেকে পরিষ্কার বোঝাই যাচ্ছে যে,
Q # 4-এর উত্তর হবে: TRUE।

Recent Bazar

Step # 10

Q # 5 মন দিয়ে পড়লাম:

5. *If you’re offered too little compensation, you can request a free report from an independent organisation.* (যদি আপনাকে খুব কম ক্ষতিপূরণ প্রদান করা হয়, তাহলে আপনি একটি *independent* তথা স্বতন্ত্র প্রতিষ্ঠান থেকে একটি *free* রিপোর্ট-এর জন্য অনুরোধ করতে পারেন, মানে তাদের নিকট থেকে আপনি *free*-তে অর্থাৎ, কোনো টাকাপয়সা খরচ না করেই একটি রিপোর্টের জন্য অনুরোধ করতে পারেন।)

Step # 11

দ্রুত text-এ ফেরত যেয়ে পরের দুটো লাইন মন দিয়ে পড়লাম:

উল্টা কথা

এখানে *get* অর্থ রাজি করানো

• *You could get an independent organisation to look at your issue and produce a report, but this could be expensive (often around £100).* [অর্থাৎ, আপনি একটি *independent* তথা স্বতন্ত্র প্রতিষ্ঠানকে রাজি করাতে পারেন আপনার বিষয়টির প্রতি দৃষ্টিপাত করতে এবং (এ বিষয়ে) একটি রিপোর্ট তৈরি করতে, কিন্তু এটা *expensive* তথা ব্যয়সাধ্য হতে পারে (প্রায়ই ১০০ পাউন্ডের কাছাকাছি)।]

could get xyz to do pqr = রাজী করানো *xyz*-কে যাতে *pqr* কাজটা করে

তার মানে, একটি *independent* তথা স্বতন্ত্র প্রতিষ্ঠানের নিকট থেকে *free*-তে, মানে কোনো টাকাপয়সা খরচ না করে কোনো রিপোর্টের জন্য অনুরোধ করা যাবে না, কিন্তু প্রশ্নে বলা হয়েছে ঠিক এর উল্টো কথা।

অতএব পরিষ্কার বোঝাই যাচ্ছে যে, Q # 5-এর উত্তর হবে: FALSE।

Step # 12

পরের প্রশ্ন দুটো মন দিয়ে পড়লাম:

আউট্কাম্ = ফলাফল

6. *Most people who take a case about a dry-cleaning company to court are satisfied with the outcome.* (অধিকাংশ মানুষ যারা একটি *dry cleaning company* সংক্রান্ত *case* তথা মামলাকে আদালতে নিয়ে যায় তারা এর ফলাফল নিয়ে সন্তুষ্ট।)

Recent Bazar

7. *If an item was lost or damaged nine months ago, you can still take the dry cleaner to court.* (যদি ৯ মাস আগে একটি *item* হারিয়ে যায় বা ক্ষতিগ্রস্ত হয়, আপনি তখনও *dry cleaner*-এর বিরুদ্ধে আইনী ব্যবস্থা নিতে পারবেন।)

শব্দের অর্থ

take xyz to court (টেইক্ ***xyz*** ঠু কোর্ট) = নিয়ে যাওয়া *xyz*-কে আদালতে
= *xyz*-এর বিরুদ্ধে মামলা করা।

Step # 13

Text-এ ফেরত যেয়ে যে পর্যন্ত পড়া হয়েছে এবার তার পর থেকে অর্থাৎ last para-র শুরু থেকে মন দিয়ে পড়লাম:

If you've tried the options above and are still unhappy with the outcome, you could take your case to court. (অর্থাৎ, যদি আপনি উপরের *option*-গুলো *try* করে থাকেন, কিন্তু তারপরও আপনি ফলাফল নিয়ে অসন্তুষ্ট, তাহলে আপনি আপনার মামলাকে *court* তথা আদালতে নিয়ে যেতে পারেন।)

There's a time limit for going to court – from when you took the item to the dry cleaner, you have up to six years. (আদালতে যাওয়ার জন্য একটি *time limit* অর্থাৎ, সময়সীমা রয়েছে – যখন আপনি *item*-টা *dry cleaner*-এর নিকট নিয়ে গিয়েছিলেন ঐ সময় থেকে নিয়ে আরম্ভ করে আপনার ছয় বৎসর পর্যন্ত সময় রয়েছে।)

উপরের আলোচনা থেকে পরিষ্কার বোঝা গেল যে, যদি ৯ মাস আগে কারো কোনো *item* হারিয়ে যায় বা ক্ষতিগ্রস্ত হয়, তাহলে সে অবশ্যই *dry cleaner*-এর বিরুদ্ধে আইনী ব্যবস্থা নিতে পারবে।

অতএব, পরিষ্কার বোঝাই যাচ্ছে Q # 7-এর উত্তর TRUE।

উপরে প্রদত্ত text-এর লাইনগুলোতে কোথাও এই ধরনের কোনো কথা বলা হয় নি যে, অধিকাংশ মানুষ *dry cleaning* কোম্পানির বিরুদ্ধে করা তাদের অভিযোগকে আদালতে নিয়ে গিয়ে সেখানকার বিচার প্রক্রিয়ার ফলাফল নিয়ে সন্তুষ্ট হয়েছে।

তার মানে, 6-এর উত্তর হবে: NOT GIVEN।

Recent Bazar